EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: bd.usembassy.gov

খুলনায় আলোকচিত্র প্রদর্শনী উপলক্ষে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট- এর বক্তব্য

৩০শে নভেম্বর, ২০১৬

শুভ বিকেল, নমস্কার এবং আসসালামুআলাইকুম।

আমাদের আমেরিকান কর্নারের সহযোগী প্রতিষ্ঠান নর্দার্ন ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজির উপাচার্য ডঃ আব্দুল্লাহের সঙ্গে যোগ দিতে পেরে আমরা সম্মানিত বোধ করছি। খুলনা আমেরিকান কর্নারে যোগ দিতে পেরে আমি আনন্দিত বোধ করছি। আমি আরো আনন্দিত যে আমি আপনাদেরকে নারীর প্রতি সহিংসতা রোধে ১৬ দিনের কর্মযজ্ঞে স্বাগত জানাতে পারছি। এই প্রচারণা নভেম্বরের ২৫ তারিখে শুরু হয়েছে যা ডিসেম্বরের ১০ তারিখ পর্যন্ত চলবে।

এই ১৬ দিনের কর্মসূচি একটি বাৎসরিক ক্যাম্পেইন যা সারা পৃথিবীর সচেতন মানুষকে তাঁদের কথা ও কাজের মাধ্যমে নারী ও মেয়ে শিশুর প্রতি সহিংসতাকে "না" বলতে সুযোগ তৈরী করে দেয়। তাঁদের সেই কথা ও কাজ বলতে বুঝায় নারী ও মেয়ে শিশুদের প্রতি, যারা এই পৃথিবীর জনসংখ্যার অর্ধেক, তাঁদের প্রতি সম্মান এবং তাঁদের অধিকার প্রদান। যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত হিসেবে আমি আরো ১৩জন নারী রাষ্ট্রদূত, হাই কমিশনার ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের প্রধানদের সঙ্গে মিলে সচেতনতামূলক কর্মসূচি ও গণমাধ্যমের সাহায্যে এই বার্তা পৌছে দিতে কাজ করে যাচ্ছি যে – তবে নারীর বিরুদ্ধে সহিংসতা গ্রহণযোগ্য নয় এবং এটি প্রতিরোধ করা সম্ভব যদি আমরা নিজ নিজ ভূমিকা পালন করি। আমাদের জাতিসমুহের কল্যাণ ও আরো বিশদভাবে বলতে গেলে, পুরো পৃথিবীর কল্যাণ এর উপর নির্ভর করে।

আজকের এই বিকেলে নারীর বিরুদ্ধে সহিংসতা প্রধিরোধের গুরুত্বের স্বীকৃতি হিসেবে "আমার কন্যা অমূল্য" শীর্ষক এই আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধনে আমি খুলনাবাসীদের সঙ্গে যোগ দিতে

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: bd.usembassy.gov

অপেক্ষা করছি। আপনাদের সাথে রাজেশ রামাকৃশনানকে পরিচয় করিয়ে দিতে আমি বিশেষভাবে সম্মানিত বোধ করছি যার আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন হতে যাচ্ছে। আমি রাজেশের মেয়ে কাব্যেরও স্বীকৃতি জানাচ্ছে যিনি "আমার কন্যা অমূল্য" শীর্ষক এই প্রজেক্ট শুরুর উতসাহের কেন্দ্রবিন্দুতে ছিলেন। রাজেশ এই আলোকচিত্র প্রজেক্ট শুরু করেছিলেন এই ধারণা ছড়িয়ে দিতে যে তার মেয়ে, আরো বিশদভাবে বলতে গেলে সকল কন্যাশিশুই খুব মূল্যবান এবং তাঁরা ভালোবাসা ও প্রশংসা প্রত্যাশা করেন। পিতা-কন্যা দুজনে মিলে সমাজের সুবিধাবঞ্চিত পিতা ও কন্যাদের পোলারয়েড ছবি তুলে তাদেরকে দিয়েছেন।

বৃহত্তর সমাজের অবজ্ঞা সত্বেও অগণিত বাবা এই আলোকচিত্র কর্মসূচিতে অংশ নিয়ে তাঁরা মেয়ে সন্তানদের প্রতি তাঁদের ভালোবাসা প্রকাশ করেছেন। এই কর্মসূচির মাধ্যমে রাজেশ ও কাব্য বাংলাদেশ ও ভারতের যেসব বাবা-মা তাঁদের মেয়ে শিশুদের স্কুলে পাঠাতে পারেন না তাঁদের জন্য অর্থ সংগ্রহ করছেন। এই কর্মসূচি আমাকে মনে করিয়ে দেয় যে রাজেশ ও কাব্যের মত নারী ও কন্যা শিশুর মূল্যবোধ রক্ষায় আমরাও আমাদের ভূমিকা রাখতে পারি এবং সর্বব্যাপী বিরাজমান নারীর প্রতি সহিংসতাকে "না" বলতে পারি।

এই অনুপ্রেরণাদায়ী প্রকল্প সম্পর্কে আমাদের কিছু কথা বলতে এবং তাঁদের ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে জানাতে আমি রাজেসকে অনুরোধ করছি। এরপর আলোকচিত্রগুলো দেখতে এবং এদের পেছনের গল্পগুলো জানতে আপনারা দয়া করে আমার সঙ্গে যোগ দিন। আমি আশা করি আপনারাও সম্মান এবং শান্তির মুল্যবোধের পক্ষে দাঁড়াতে উৎসাহিত হবে।

ধন্যবাদ।

==========

**বক্তৃতার জন্য প্রস্তুতকৃত*